



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিস
ফুলতলা, খুলনা।



স্মারক নং: ৩৮.০১.৪৭৬৯.০০০.৮৮.০০১.২৩/৬২

২৮ জুন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২০ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

“নিলাম বিজ্ঞপ্তি”

এতদ্বারা সরকারিভাবে স্বীকৃত ঠিকাদার ও সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খুলনা জেলার ফুলতলা উপজেলাধীন বিদ্যালয়ের গাছ/স্থাপনা বিক্রয়ের জন্য উপজেলা নিলাম কমিটির সিদ্ধান্ত মোতাবেক আগামী ২১.০৮.২০২৩ খ্রি. তারিখ রোজ বুধবার বেলা ১২.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ সভা কক্ষে প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় করা হবে। আগ্রহী ক্রেতাগণকে নিলামে অংশগ্রহনের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহঃ

- নিলামে অংশগ্রহনকারীগণ নিলামের পূর্বে যে কোন সময় সরেজমিনে গাছ/স্থাপনা দেখতে পারবেন।
- নিলামে অংশগ্রহনকারীগণ গাছ/স্থাপনা নিলাম ক্রয়ের ৩০ মিনিট পূর্বে নাম ঠিকানা লিখে জামানত হিসাবে নির্ধারিত টাকা টোকেনের মাধ্যমে নিলাম কমিটির নিকট জমা দিয়ে ডাকে অংশ গ্রহন করতে হবে (সর্বোচ্চ ডাককারী ছাড়া নিলামে অন্যান্য অংশগ্রহনকারীদের নিলাম শেয়ে জামানতের অর্থ ফেরত্যোগ্য)।
- সর্বোচ্চ ডাককারীর অনুকূলে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলে পত্র প্রাপ্তির ০৩ দিনের মধ্যে ডাকের সমুদয় টাকাসহ বিক্রিত অর্থের উপর ১০% ভ্যাট ও ৩% আয়কর ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংক, ফুলতলা শাখা, খুলনাতে জমা প্রদান করতে হবে।
- বিক্রিত গাছ, ট্যালেট, টিনসেড ১৫ (পনেরো) দিনের মধ্যে অপসারণ করতে হবে। অন্যথায় জমাকৃত টাকা বাজেয়াপ্ত করা হবে।
- গাছ, ট্যালেট, টিনসেড ভবন অপসারণের পর সৃষ্টি গর্ত সমান করে দিতে হবে।
- বিক্রিত গাছ, ট্যালেট, টিনসেড ভবন নির্ধারিত সময়ের মধ্যে অপসারণ না করলে কোনোরূপ চুরি বা খোয়া গেলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- যে কোন প্রকার নিলাম গ্রহণ, বাতিল এবং পুনঃনিলাম আহ্বান করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

ক্র.নং	বিদ্যালয়ের নাম	নিলামের বিবরণ	জামানত হিসাবে নির্ধারিত টাকা
০১	ডাউকোনা সপ্রাবি	০৪ (চার)টি মেহগুনি গাছ	৩৪০০/-
০২	ডাউকোনা সপ্রাবি	০১ (এক)টি পুরাতন ট্যালেট	৮০০/-
০৩	বেজেরডাঙা সপ্রাবি	০৯ (নয়) টি মেহগুনি গাছ, ০২(দুই)টি শিরিশ গাছ	৭৫০/-
০৪	জামিরা মুকুল সপ্রাবি	০৪ (চার)টি শিরিশ গাছ	৩৩০০/-
০৫	মশিয়ালী পূর্বপাড়া সপ্রাবি	ঝড়ে পড়ে যাওয়া ১(এক)টি শিরিশ গাছ	৮৬০০/-
০৬	বাড়াগাতী এম ই বি সপ্রাবি	১ (এক)টি পরিত্যাক্ত টিনসেড	৮০০/-

শুক্রবৰ্ষ ১৪৩০
(শাহনাজ বেগম)

সদস্য সচিব

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিলাম কমিটি

ও

উপজেলা শিক্ষা অফিসার

ফুলতলা, খুলনা।

২৮ জুন ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ ২০ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

স্মারক নং: ৩৮.০১.৪৭৬৯.০০০.৮৮.০০১.২৩/৬২/১০

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা।

২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা, খুলনা।

৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খুলনা।

৪। উপজেলা প্রাকৌশলী, এলজিইডি, ফুলতলা, খুলনা।

৫-৯। সভাপতি/সম্পাদকসরকারি প্রাথমিক বিদ্যালয়, ফুলতলা, খুলনা।

৬-২০। মেসার্স /জনাব -----।

২১-২৫। প্রধান শিক্ষক,সর. প্রা. বিদ্যালয়, ফুলতলা, খুলনা এর নোটিশ বোর্ডে।

২৬। নোটিশ বোর্ড।

শুক্রবৰ্ষ ১৪৩০
(শাহনাজ বেগম)

সদস্য সচিব

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিলাম কমিটি

ও

উপজেলা শিক্ষা অফিসার, ফুলতলা, খুলনা।